

“ছেলে হোক মেয়ে হোক  
দুটি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
আদমদীঘি, বগুড়া



[www.fpo.adamdighi.bogra.gov.bd](http://www.fpo.adamdighi.bogra.gov.bd)

স্মারক নং :- উজেপপঅ/আদম/বগ/২০২২/ ৩৮৯(৭০)

তারিখ : ২৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ.  
৮ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ ।

প্রাপক ,

বিষয় : কোভিড-১৯ পরিস্থিতিতে পরিবার পরিকল্পনা সেবাকে গতিশীল করা, মা ও নবজাতকের স্বাস্থ্যসেবার মান উন্নয়ন এবং প্রজনন স্বাস্থ্যসেবার মান উন্নয়ন এবং প্রজনন স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রম সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে করণীয় শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ ও জাপান ইন্টারন্যাশনাল কোঅপারেশন এজেন্সি (জাইকা) এর সার্বিক সহায়তায় এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ, আদমদীঘি, বগুড়া এর আয়োজনে পরিবার পরিকল্পনা বিভাগে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারী এবং পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারী সম্ভ্রষ্ট ক্লায়েন্টদের অংশগ্রহণে কোভিড-১৯ পরিস্থিতিতে পরিবার পরিকল্পনা সেবাকে গতিশীল করা, মা ও নবজাতকের স্বাস্থ্যসেবার মান উন্নয়ন এবং প্রজনন স্বাস্থ্যসেবার মান উন্নয়ন এবং প্রজনন স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রম সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে করণীয় শীর্ষক প্রশিক্ষণ আগামী ১৪-১৭ নভেম্বর ২০২২ খ্রিঃ পর্যন্ত ০২ (দুই)টি ব্যাচে প্রতিদিন সকাল ৯.০০ ঘটিকা হতে ৪.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আদমদীঘি, বগুড়া এর সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে আপনি/আপনারা সম্মানিত রিসোর্স পার্সন/ অংশগ্রহণকারী।

কর্মশালায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য আপনাকে/ আপনাদেরকে অনুরোধ করা হলো।

# উল্লেখ্য যে, সরকারী বিধি মোতাবেক অংশগ্রহণকারীগণ সম্মানী ও যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

ডাঃ মোঃ শফিউল করিম তালুকদার  
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতিঃদঃ)  
আদমদীঘি, বগুড়া  
ফোন নং +৮৮০২৫৮৮৮৮৭২৩৩

ইমেইলঃ [ufpoadamdighi@gmail.com](mailto:ufpoadamdighi@gmail.com)

স্মারক নং :- উজেপপঅ/আদম/বগ/২০২২/ ৩৮৯(৭০)/১(৮)

তারিখ : ২৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ.  
৮ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, বনানী, বগুড়া।
২. সহকারী পরিচালক (সিসি), পরিবার পরিকল্পনা, বনানী, বগুড়া।
৩. চেয়ারম্যান উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া।
৪. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া।
৫. উপজেলা নির্বাহী অফিসার, আদমদীঘি, বগুড়া।
৬. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদমদীঘি, বগুড়া- আপনি সহ আপনার কার্যালয়ে কর্মরত চিকিৎসক কর্মকর্তা/ জুনিয়র কনসালটেন্ট (গাইনী)/ আবাসিক মেডিকেল অফিসার এর সিডিউল মোতাবেক প্রশিক্ষণ হিসেবে উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। ইউডিএফ, ইউজিডিপি, আদমদীঘি, বগুড়া।
৮. দপ্তর নথি।

ডাঃ মোঃ শফিউল করিম তালুকদার  
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (অতিঃদঃ)  
আদমদীঘি, বগুড়া

ফোন নং +৮৮০২৫৮৮৮৮৭২৩৩

ইমেইলঃ [ufpoadamdighi@gmail.com](mailto:ufpoadamdighi@gmail.com)